

প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
স্থান	:	উপজেলা শিক্ষা অফিস, মনিরামপুর, যশোর মহোদয়ের সভাকক্ষ।
তারিখ ও সময়	:	০৭ জুন ২০২২, সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা
আলোচ্য বিষয়ঃ-	:	১। বিগত সভার রেজুলেশন অনুমোদন সংক্রান্ত। ২। কোভিড-১৯ সংক্রান্ত; ৩। ক্ষুদ্র মেরামত সংক্রান্ত ৪। বিবিধ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী তিনি উপজেলা শিক্ষা অফিসারকে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার রেজুলেশন অনুমোদন	উপজেলা শিক্ষা অফিসার, মনিরামপুর, যশোর বিগত সভার রেজুলেশন পাঠ করে শুনান।	অতঃপর কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।
০২	কোভিড-১৯ সংক্রান্ত;	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে কোভিড-১৯ আক্রান্তের সংখ্যা কমে আসায় সরকার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে।	কোভিড-১৯ এর কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া অনেক ক্ষতি হয়েছে। কর্মরত শিক্ষক দিয়ে অতিরিক্ত ক্লাশ নেয়া ও সংশ্লিষ্ট সকলকে তদারকী করে শিখন ঘাটতি দূর করার প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় সিদ্ধান্ত গৃহীত হয়।
০৩	ক্ষুদ্র মেরামত সংক্রান্ত	উপজেলা শিক্ষা অফিসার জানান যে, এ উপজেলায় ৭৭টি বিদ্যালয়ের ২ লক্ষ টাকার মেরামতের কাজ চলমান আছে।	সভাপতি জানান কমিটির সদস্যগণ, ইন্সট্রাক্টর, এইউইও, এইউইওসহ সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে তদারকী করে কাজের গুণগতমান ভালো করার জন্য অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(উত্তম কুমার চক্রবর্তী বাচ্চু)

সভাপতি

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ


মনিরামপুর, যশোর।

স্মারক নং-উশিকা/মনি:/যশোর/২০১৯/৬০৬

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৮৯, যশোর-৫ (মনিরামপুর)।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনিরামপুর, যশোর।
- ০৩। উপজেলা নিবাহী অফিসার, মনিরামপুর, যশোর।
- ০৪। জনাব..... মনিরামপুর, যশোর।
- ০৫। অফিস কপি।

তারিখঃ ০৭/০৬/২০২২ খ্রি:



(সেহেল ফেরদৌস)

উপজেলা শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব,

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটি